দৈনিক
আমাদের সময়

21 JAN 2017
৩ ... ১

# বিশ্ববিদ্যালয়গুলোয় গবেষণা বাড়ানোর তাগিদ শিক্ষামন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ● বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণা বাড়ানোর তাগিদ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমরা গবেষণার ওপর জোর দিচ্ছি। জ্ঞান, প্রযুক্তি ও দক্ষতা রপ্তানি করার যোগ্যতা আমাদের অর্জন করতে হবে।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল মাঠে 'বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড-২০১৭'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, গবেষণার মাধ্যমে নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে। আমরা এখন অন্য দেশ থেকে জ্ঞান ও প্রযুক্তি আমদানি করি। আমাদের নতুন প্রজন্ম অনেক মেধাবী। ঐ প্রজন্মকে বিশ্বমানের জ্ঞান, প্রযুক্তি ও দক্ষতায় গড়ে তুলতে হবে। এরাই নতুন বাংলাদেশ নির্মাণ করবে এবং ভবিষ্যতে নেতৃত্ব দেবে।

তিনি বলেন, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় ছেলেমেয়েদের সমতা অর্জিত হয়েছে, এটা একটি বিরাট অর্জন। বিজ্ঞানে... এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

## বিশ্ববিদ্যালয়গুলোয়

(৩ এর পৃষ্ঠার পর) শিক্ষার্থীর সংখ্যা ও হার বাড়ছে। তিনি আরও বলেন, শিক্ষার মান বাড়াতে পাঠ্যপুস্তক সহজ করতে হবে, পরীক্ষা পদ্ধতি সহজ ও আকর্ষণীয় করতে হবে এবং কমাতে হবে বইয়ের বোঝা।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড কমিটির সিনিয়র ভাইস চেয়ারম্যান ড. মুহম্মদ জাফর ইকবাল, কথাসাহিত্যিক ও কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলন, ডাচ-বাংলা ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা আবুল কাশেম মো. শিরিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও অলিম্পিয়াড কমিটির আহ্বায়ক প্রফেসর ড. আবদুস সাত্তার এবং কমিটির সভাপতি ড. খোরশেদ আহমেদ কবির।